

জগন্নাথে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ আহত-৫

পাঁচ কর্মী বহিষ্কার

জবি বিশপোর্টার : দুই ঘটনাকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। গতকাল (সোমবার) দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের স্মারকের সামনে এ সংঘর্ষ হয়। এতে উভয় গ্রুপের অন্তত পাঁচকর্মী আহত হয়েছে। এ ঘটনায় বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটি পাঁচ কর্মীকে বহিষ্কার করেছে। এদিকে অত্রীতির ঘটনা এড়াতে ক্যাম্পাস এলাকায় অভিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, গত সোমবার বিশ্ববিদ্যালয়ের তৃতীয় ব্যাচের ছাত্র ও শাখা ছাত্রলীগের সভাপতি গ্রুপের কর্মী সূত্রান্তের সাথে তৃতীয় ব্যাচের ছাত্র তরিকুলকে কড়া কটাকটির ঘটনা ঘটে। এক পর্যায়ে তরিকুলকে সূত্রান্ত ধারণ্ড মারে। পরে সভাপতি তাদের মধ্যে যীমান্দা করার জন্য তরিকুলকে আসতে বলেন কিন্তু সে না এসে সভাপতি গ্রুপ ত্যাগ করে সাধারণ সম্পাদক গ্রুপে যোগ দেয়। এ ঘটনার জের ধরে গতকাল সকাল থেকেই তরিকুল সাধারণ সম্পাদক গ্রুপের কর্মীদের নিয়ে সূত্রান্তকে মারার জন্য ক্যাম্পাসে মহড়া দিচ্ছিল। দুপুরের দিকে উভয় গ্রুপের কর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। সংঘর্ষের সময় কর্মীদের হাতে চাপাতি, চাইনিজ কুড়াল ও বটি না ব্যবহার করতে দেখা যায়। এ সময় উভয় গ্রুপের আপন, সৌরভ, রিয়ান, মহম্মদ ও তুহিনসহ আহত হচ্ছিলেন পাঁচ জন। এদিকে সংঘর্ষের সময় বিশ্ববিদ্যালয়ের একমাত্র ক্যাফিানে তাম্ব চালায় উভয় গ্রুপের কর্মীরা। পরে পুলিশ পরিষ্কারি নিয়ন্ত্রণে আনে। বেলা



গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ

-ইনকিলাব

১ টার দিকে সাধারণ সম্পাদক গ্রুপের কর্মীরা ক্যাম্পাস ত্যাগ করে চলে যায়। এদিকে বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্রলীগ জগন্নাথের সংঘর্ষের ঘটনার জবি শাখার পাঁচ ছাত্রলীগ কর্মীকে বহিষ্কার করেছে। বহিষ্কৃতরা হল: তরিকুল (রাষ্ট্রবিজ্ঞান), আপন (অর্থনীতি) কুরেল (গণিত),

সৌরভ (অর্থনীতি) ও সৌরভ সাহা (হিসাববিজ্ঞান)। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি এক, এম পরিব্রূ ইসলাম বলেন, যারা এ সমস্ত কাজের সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে সংশ্লিষ্টভাবে ব্যবস্থা নিচ্ছে কেন্দ্রীয় সংগঠন। আরো যারা জড়িত

তাদের ব্যবস্থা নেয়া হবে। এ বিষয় বিশ্ববিদ্যালয় প্রক্টর অশোক কুমার সাহা ইনকিলাবকে বলেন, উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে এটা খেবেই সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সঙ্গে আলোচনা করে দোষীদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।